# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd www.ebmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd

## দাখিল পরীক্ষা-২০২১ এর কেন্দ্রসচিবগণের করণীয় নির্দেশাবলি

আগামী ১৪ নভেম্বর রবিবার হতে ২০২১ সালের দাখিল পরীক্ষা আরম্ভ হবে। পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের দায়িত্ব সকল কেন্দ্রসচিবসহ সংশ্লিষ্টদের। এ বিষয়ে নিম্নের বিষয়গুলি অবশ্যই পালন করতে হবে।

(১) কোভিড-১৯ অতিমারির বিষয়টি বিবেচনায় রেখে সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করতে হবে।

(২) পরীক্ষা কেন্দ্রের প্রবেশমুখে সাবান দিয়ে হাত ধোয়ার পর্যাপ্ত ব্যবস্থা রাখতে হবে।

(৩) পরীক্ষক, কক্ষপ্রত্যবেক্ষক ও পরীক্ষার কাজে সংশ্লিষ্ট সকলের মাস্ক পরিধান নিশ্চিত করতে হবে।

(৪) অত্র বোর্ডের ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী হ্রাসকৃত সময়ে ও হ্রাসকৃত নম্বরে পরীক্ষা গ্রহণ করতে হবে।

(৫) আগামী ২৮.১০.২০২১ তারিখের মধ্যে টপসিট অনুযায়ী প্রশ্নপত্রের প্যাকেট সর্টিং করতে হবে। প্রশ্নপত্রের প্যাকেট ঘাটতি/অতিরিক্ত হলে সঙ্গে সঙ্গে পরীক্ষা নিয়ন্ত্রককে অবহিত করতে হবে। এছাড়া মূল উত্তরপত্র/অতিরিক্ত উত্তরপত্রসহ অন্যান্য কাগজপত্রের ঘাটতি/অতিরিক্ত হলে পরীক্ষা নিয়ন্ত্রককে লিখিতভাবে অবহিত করতে হবে। প্রশ্নপত্রের প্যাকেট সর্টিং করে প্যাকেটগুলি সিকিউরিটি খামে ভরে রাখতে হবে। **পরীক্ষার দিন ক ও খ সেট প্রশ্নপত্রের প্যাকেট কেন্দ্রে নিয়ে আসতে হবে। SMS পাওয়ার পর নির্ধারিত সেট এর প্রশ্নপত্রে পরীক্ষা গ্রহণ করতে হবে।**

(৬) প্রবেশপত্র গ্রহণের ০২(দুই) দিনের মধ্যে মাদ্রাসা প্রধানদের নিকট বিতরণ করতে হবে এবং মাদ্রাসা প্রধানগণ সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের নিকট ০১(এক) দিনের মধ্যে বিতরণ নিশ্চিত করবেন। প্রবেশপত্রে কোন পরীক্ষার্থীর তথ্যে গরমিল থাকলে জরুরীভিত্তিতে বোর্ড থেকে সংশোধন করে নিতে হবে। প্রবেশপত্র কম/বেশি পাওয়া গেলে সাথে সাথে বোর্ড থেকে গ্রহণ/অর্পণ করতে হবে।

(৭) পরীক্ষা পরিচালনা নির্দেশিকা ও কেন্দ্র সচিবগণের করণীয় নির্দেশাবলী জ্ঞাত করার জন্য পরীক্ষা শুরুর কমপক্ষে ০২ (দুই) দিন পূর্বে কক্ষপ্রত্যবেক্ষক ও অন্যান্য সংশ্লিষ্ট কর্মচারীগণকে নিয়ে একটি প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।

(৮) মূল প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড ব্যতীত কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া যাবে না। পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীদের আসন গ্রহণ নিশ্চিত করতে হবে।

(৯) পরীক্ষা কেন্দ্রে প্রবেশকালে গেইটে পরীক্ষার্থীদের (ছাত্রীদের জন্য মহিলা শিক্ষিক দ্বারা) দেহ তল্লাশী করে পরীক্ষার কক্ষে প্রবেশের ব্যবস্থা করতে হবে। কোন পরীক্ষার্থী প্রবেশপত্র ও রেজিষ্ট্রেশন কার্ড ব্যতীত কোন বই, খাতা, মোবাইল ফোন বা অন্য কোন কাগজপত্র পরীক্ষা কক্ষের অভ্যন্তরে আনতে পারবে না। যদি কোন পরীক্ষার্থীর নিকট প্রবেশপত্র ও রেজিষ্ট্রেশন কার্ড ব্যতীত কোন বই, মোবাইল ফোন বা অন্য কোন কাগজপত্র পাওয়া যায়, তাহলে অপরাধ হিসেবে গণ্য হবে এবং নিয়মানুযায়ী তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(১০) **আরবি বিষয়সমূহের পরীক্ষার দিন সাধারণ বিষয়সমূহের শিক্ষক এবং সাধারণ বিষয়সমূহের পরীক্ষার দিন আরবি বিষয়সমূহের শিক্ষককে কক্ষপ্রত্যবেক্ষক নিয়োগ দিতে হবে।**

(১১) কেন্দ্রসচিব তাঁর কেন্দ্রের সকল পরীক্ষার্থীর স্বাক্ষরলিপি, ডি, আর এবং অন্যান্য ফরম বোর্ডের ওয়েবসাইট (www.ebmeb.gov.bd অথবা www.bmeb.gov.bd) থেকে Download করে প্রিন্ট করবেন। ডি.আর-এ মাদ্রাসা প্রধানের স্বাক্ষর নিতে হবে।

(১২) কক্ষপ্রত্যবেক্ষকগণ উত্তরপত্রে স্বাক্ষর করার সময় প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড অনুযায়ী সকল তথ্য লিখা হয়েছে কিনা এবং OMR-এর বৃত্ত ভরাট সঠিক হয়েছে কিনা যাচাই করে স্বাক্ষর করবেন।

(১৩) **প্রত্যেক দিন** পরীক্ষা আরম্ভ হবার ৩০ মিনিট পূর্বে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের নিকট থেকে ঐ দিন কোন সেট প্রশ্নে পরীক্ষা হবে তা জেনে সেই অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে অত্যন্ত সতর্কতার সাথে নির্দেশনা অনুযায়ী নির্ধারিত সেটের প্রশ্নপত্রে পরীক্ষা গ্রহণ করতে হবে। এর ব্যত্যয় ঘটলে কেন্দ্রসচিব দায়ী থাকবেন এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১৪) সৃজনশীল ও বহুনির্বাচনী পরীক্ষার ক্ষেত্রে ঃ-

(ক) ১৫/১২ নম্বরের বহুনির্বাচনী (MCQ) প্রশ্নের ক্ষেত্রে সময় ১৫ মিনিটি এবং ৩০/২০ নম্বরের সৃজনশীল পরীক্ষার ক্ষেত্রে সময় ১ ঘন্টা ১৫ মিনিট। অর্থাৎ MCQ এবং CQ উভয় পরীক্ষার মোট সময় ১ঘন্টা ৩০ মিনিট।

(খ) MCQ এবং CQ উভয় পরীক্ষা বিরতিহীনভাবে নির্ধারিত সময় পর্যন্ত চলবে। অর্থাৎ MCQ এবং CQ প্রশ্নের পরীক্ষার মাঝে কোন বিরতি দেওয়া যাবে না।

(গ) পরীক্ষা শুরুর ১৫ মিনিট পূর্বে অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনী OMR শীট বিতরণ করতে হবে। চূড়ান্ত ঘন্টা পড়ার সাথে সাথে বহুনির্বাচনী প্রশ্নপত্র বিতরণ এবং বহুনির্বাচনী পরীক্ষার নির্ধারিত সময় শেষে বহুনির্বাচনী উত্তরপত্র সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ করতে হবে।

(ঘ) বহুনির্বাচনী পরীক্ষার নির্ধারিত সময় শেষ হওয়ার পর পর ওএম আর শিট সংগ্রহ করে রোলনম্বরের ক্রমানুযায়ী সাজিয়ে পরীক্ষা কন্ট্রোল রুমে জমা দিতে হবে।

(ঙ) সনাতন পদ্ধতির বিষয়সমূহের জন্য বিরতিহীনভাবে ১ ঘন্টা ৩০ মিনিট সময় বরাদ্দ থাকবে।

**(১৫) বহুনির্বাচনী অভীক্ষার (MCQ) প্রশ্নপত্র শুধু 'ক' সেট ট্রাংকে থাকবে।**

(১৬) বহুনির্বাচনী অভীক্ষার (MCQ) প্রশ্নপত্র প্রতি কক্ষের পরীক্ষার্থীর সংখ্যা অনুযায়ী সমান ৪টি সেটের প্রশ্নপত্র দিতে হবে।

**উদাহরণস্বরূপ ঃ-**

কোন কক্ষে পরীক্ষার্থী সংখ্যা ১০০জন হলে 'ক' সেটের ২৫টি, 'খ' সেটের ২৫টি, 'গ' সেটের ২৫টি এবং 'ঘ' সেটের ২৫টি সর্বমোট ১০০টি প্রশ্নপত্র দিতে হবে। যদি ৫০জন পরীক্ষার্থী হয় তাহলে 'ক' সেটের ১৩টি, 'খ' সেটের ১৩টি, 'গ' সেটের ১২টি এবং 'ঘ' সেটের ১২টি প্রশ্নপত্র বিতরণ করতে হবে।

(১৭) কক্ষপ্রত্যবেক্ষকগণ বহুনির্বাচনী অভীক্ষা (MCQ)-এর প্রশ্নপত্র পরীক্ষার্থীদের মধ্যে বিতরণের সময় নিম্নের নিয়মাবলি অনুসরণ করবেন–

'ক'

বেঞ্চ-০১

'খ'

বেঞ্চ-০২

'গ'

বেঞ্চ-০৩

'ঘ'

বেঞ্চ-০৪

**বিশেষ দ্রষ্টব্য: পাশাপাশি পরীক্ষার্থীরা যাতে একই সেট- এর প্রশ্নপত্র না পায় সে দিকে সজাগদৃষ্টি রাখতে হবে।**

(১৮) কক্ষপ্রত্যবেক্ষকগণ বহুনির্বাচনী অভীক্ষার OMR বিতরণের পর পরীক্ষার্থীরা তাদের OMR এর নির্ধারিত স্থানে রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদির বৃত্তসমূহ ভরাট করেছে কিনা তা অবশ্যই নিশ্চিত করবেন। বহুনির্বাচনী প্রশ্নপত্র দেখে পরীক্ষার্থীরা সেট কোডের নির্ধারিত ঘরে বৃত্তভরাট করবে। সেট কোডের বৃত্ত ভরাটে ভুল করলে কোন অবস্থাতেই তাকে নতুন OMR দেওয়া যাবে না।

(১৯) কোন পরীক্ষার্থী বহুনির্বাচনী OMR এ সেট কোডের বৃত্ত ভরাট ভুল করলে ভরাটকৃত সেটেই উত্তরপত্র মূল্যায়ন করাহবে।সেট কোডের বৃত্ত ভরাটের ব্যাপারে পরীক্ষার পর কোন সংশোধন গ্রহণযোগ্য হবে না। কোন পরীক্ষার্থী সেট কোডের কোন বৃত্ত ভরাট না করলে সংশোধন গ্রহণযোগ্য হবে না। কোন পরীক্ষার্থী সেট কোডের কোন বৃত্ত ভরাট না করলে বা সেট কোডের একাধিক বৃত্ত ভরাট করলে তার উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

(২০) বহুনির্বাচনী পরীক্ষা শেষ হবার পর কোন পরীক্ষার্থীকে কক্ষের বাইরে যাবার অনুমতি দেওয়া যাবে না। রচনামূলক পরীক্ষা চলাকালীন কোন পরীক্ষার্থী ইচ্ছে করলে এক ঘন্টা পর উত্তরপত্র জমা দিয়ে কক্ষ ত্যাগ করতে পারবে। তবে পুনরায় সে কক্ষে প্রবেশ করে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

(২১) (ক) কক্ষপ্রত্যবেক্ষকসহ সংশ্লিষ্ট সকলেই লক্ষ্য রাখবেন যাতে রচনামূলক উত্তরপত্রের কভার পৃষ্ঠা (OMR) এবং বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে OMR কোন অবস্থাতেই ভাঁজ না পড়ে। এ ব্যাপারে পরীক্ষার্থীদের বারবার সতর্ক করতে হবে।

(খ) কোন উত্তরপত্রের OMR এ ক্রমিক নম্বর না থাকলে বা অন্য কোন ত্রুটি পরিলক্ষিত হলে নতুন উত্তরপত্র সরবরাহ করতে হবে।

(২২) কোন পরীক্ষার্থীর রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর বা বিষয় কোড লিখতে ভুল করলে একটানে কেটে সঠিক নম্বর লিখতে হবে। বৃত্তভরাটে ভুল হলে ইরেজার দ্বারা রোল নম্বর ঘষা মাজা না করে,ব্লেড দ্বারা না মুছে বা সাদা ফ্লুইড না লাগিয়ে সঠিক বৃত্ত ভরাটের ব্যবস্থা করতে হবে।

**(২৩) পরীক্ষা শেষ হবার পূর্বে কোন অবস্থাতেই লিখিত উত্তরপত্রের OMR এর উপরের অংশ (Top Portion) বিচ্ছিন্ন করা যাবে না।**

(২৪) প্রতিটি বিষয়ের পরীক্ষা শেষ হবার পর পরীক্ষার্থীর মোট সংখ্যা অনুযায়ী উত্তপত্রের সংখ্যা মিলিয়ে কক্ষ প্রত্যবেক্ষকগণ কক্ষের মধ্যে উত্তরপত্রের কভার পৃষ্ঠার উপরের অংশ (Top Portion) বিচ্ছিন্ন করবেন এবং কেন্দ্রসচিবের নিকট জমা

দিবেন। এ ক্ষেত্রে কেন্দ্রসচিবগণ তাঁর কেন্দ্রের কক্ষ অনুযায়ী উত্তরপত্র এবং OMR এর (Top Portion) এর সংখ্যা নিশ্চিত করবেন।

(২৫) প্রতি বিষয়ের বহুনির্বাচনী OMR শীট অনুর্ধ ২০০(দুইশত)টি রোল নম্বরের ক্রমানুযায়ী সাজিয়ে নিদিষ্ট কার্টুনে প্যাকেট করতে হবে। বহুনির্বাচনী পরীক্ষা শেষ হওয়পর পর পরই OMR শিট প্যাকেট করে সকল প্যাকেট একত্রে হলুদ কাপড়ে মুড়িয়ে আঞ্চলিক কার্যালয়ে জমা দিতে হবে। হলুদ কাপড়ে মোড়ানো প্যাকেটের ডানপাশে প্রাপকের ঠিকানা এবং বাম পাশে কেন্দ্রের পূর্ণ ঠিকানা (কেন্দ্র কোডসহ) স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

(২৬) প্রতিদিনের পরীক্ষা শেষ হবার সাথে সাথে প্রতি বিষয়ের উত্তরপত্রের কভার পৃষ্ঠার OMR এর বিচ্ছিন্ন উপরের অংশ (Top Portion) অনুর্ধ ২০০ (দুইশত) টি করে রোল নম্বরের ক্রমানুযায়ী সাজিয়ে নিদিষ্ট কার্টুনে প্যাকেট করতে হবে এবং সকল প্যাকেট একত্রে হলুদ কাপড়ে মুড়িয়ে **সীলগালা অবস্থায় পরীক্ষার দিন আঞ্চলিক কার্যালয়ে জমা** দিতে হবে। হলুদ কাপড়ে মোড়ানো প্যাকেটের ডানপাশে প্রাপকের ঠিকানা এবং বাম পাশে কেন্দ্রের পূর্ণ ঠিকানা (কেন্দ্র কোডসহ) স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

(২৭) প্রতিদিনের পরীক্ষা শেষ হবার সাথে সাথে যথানিয়মে উত্তরপত্রসমূহের বাণ্ডেল তৈরি করে সকল বান্ডেল একত্রে হলুদ কাপড় দিয়ে মুড়িয়ে সীলগালা অবস্থায় **আঞ্চলিক কার্যালয়ে জমা দিতে হবে**। হলুদ কাপড়ে মোড়ানো প্যাকেটের ডানপাশে প্রাপকের ঠিকানা এবং বাম পাশে কেন্দ্রের পূর্ণ ঠিকানা (কেন্দ্র কোডসহ) স্পষ্ট অক্ষরে লিখতে হবে। তাছাড়া বহিষ্কৃত পরীক্ষার্থীর উত্তরপত্র ও বহিষ্কার ফরম (যদি থাকে) পরীক্ষার দিনই পৃথক প্যাকেটে নির্ধারিত ফরমে প্রতিবেদনসহ হলুদ কাপড়ে মুড়িয়ে **সীলগালা অবস্থায় আঞ্চলিক কার্যালয়ে জমা দিতে হবে**।

উল্লেখ্য, প্রতি পরীক্ষার দিন পরীক্ষা শেষে যথাসম্ভব তাড়াতাড়ি বহুনির্বাচনী OMR শীট এর প্যাকেট, উত্তরপত্রের কভার পৃষ্ঠার OMR এর বিচ্ছিন্ন উপরের অংশের প্যাকেট এবং মূল উত্তরপত্রের প্যাকেট **একত্রে আঞ্চলিক কার্যালয়ে জমা দিতে হবে**।

(২৮) ঢাকা মহানগরীর কেন্দ্রসমূহসহ ঢাকা অঞ্চলের সকল কেন্দ্রের উত্তরপত্র, এমসিকিউ OMR ও উত্তরপত্রের উপরের অংশ যথা নিয়মে প্যাকিং করে সীলগালা অবস্থায় প্রতিদিন পরীক্ষা শেষে হাতে হাতে বোর্ডে জমা দিতে হবে।

(২৯) বোর্ডের অনুমতিসহ কোন পরীক্ষার্থী স্কাইবার (শ্রুতিলেখক) সঙ্গে নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে চাইলে (মাদ্রাসায় অধ্যয়নরত ৮ম শ্রেণীর একজন শিক্ষার্থী) তার ব্যবস্থা করতে হবে। অন্ধ পরীক্ষার্থীদের জন্য ১০ (দশ) মিনিট অতিরিক্ত সময় বৃদ্ধি করা যাবে। তবে এ ক্ষেত্রে বোর্ডের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

(৩০) **বোর্ডের অনুমতি থাকলে বিশেষ চাহিদাসম্পন্ন (অটিস্টিক এবং ডাউন সিনড্রোম বা সেরিব্রালপলসি আক্রান্ত) শিশুরা একটু অন্যমনস্ক এবং খেয়ালী হয়ে থাকে। তাই তাদের পরীক্ষায় অংশগ্রহণে তার শিক্ষক/অভিভাবক/সাহায্যকারীর বিশেষ ব্যবস্থাপনায়/সহায়তায় পরীক্ষা গ্রহণের সুযোগ দিতে হবে। এ সব পরীক্ষার্থীদের অতিরিক্ত ১৫ মিনিট সময় দিতে হবে। এ সকল পরীক্ষার্থীদের উত্তরপত্রসমূহ আলাদা প্যাকেট করে প্যাকেটের উপর "বিশেষ চাহিদা সম্পন্ন পরীক্ষার্থী" লিখে আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে।**

(৩১) দাখিল পরীক্ষা সংক্রান্ত নীতিমালার ৩২ ধারার (পরীক্ষার্থী কর্তৃক যে সব কাজ অবৈধ ও অপরাধ হিসেবে গণ্য হবে, এ অপরাধের জন্য শাস্তিমূলক ব্যবস্থা এবং বিবরণ) বিষয়গুলি কেন্দ্রের নোটিশ বোর্ডে টানিয়ে দিতে হবে।

(৩২) প্রতিদিনের পরীক্ষা শেষ হওয়ার পূর্বেই জরুরি ভিত্তিতে দ্রুততার সাথে কেন্দ্র কোড উল্লেখ করে মোট পরীক্ষার্থীর সংখ্যা, উপস্থিত, অনুপস্থিত ও বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা (কক্ষ প্রত্যবেক্ষক বহিস্কার হলে বহিস্কৃত কক্ষ প্রত্যবেক্ষকের ইনডেক্স নম্বরসহ পূর্ন ঠিকানা) অনলাইনে বেলা ১১.৩০ ঘটিকার মধ্যে প্রেরণ করতে হবে। অনুপস্থিত ও বহিষ্কৃত পরীক্ষার্থীর রোল নম্বর লিখতে ভুল হলে sa@bmeb.gov.bd ই-মেইলে আবেদন পাঠাতে হবে। প্রয়োজনে ০১৭১৩-০৬৮৯০৯ এই নম্বরে যোগাযোগ করা যাবে।

(৩৩) কেন্দ্রসচিব ব্যতীত অন্য কেউ কেন্দ্রে মোবাইল ফোন ব্যবহার করতে পারবে না। (কেন্দ্রসচিব শুধুমাত্র নন-এনড্রয়েড মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন)

(৩৪) কেন্দ্রসচিবগণ অবশ্যই উপজেলা নির্বাহী অফিসার বা তাঁর প্রতিনিধি এবং ট্রেজারীর দায়িত্বে নিয়োজিত কর্মকর্তার উপস্থিতিতে প্রশ্নপত্র সর্টিং করবেন কোনরূপ গরমিল থাকলে সঙ্গে সঙ্গে পরীক্ষা নিয়ন্ত্রককে লিখিত ভাবে এবং মোবাইলে অবহিত করবেন।

(৩৫) প্রশ্ন সর্টিং করার পর প্রতিদিনের পরীক্ষার নির্ধারিত প্রশ্নের প্যাকেট সিকিউরিটি খামের ভিতর রাখতে হবে। প্রতিদিন পরীক্ষা শুরুর পূর্বে ট্রেজারি থেকে উক্ত খাম কেন্দ্রে নিয়ে এসে নির্ধারিত "সেট" প্রশ্নে পরীক্ষা গ্রহণ করতে হবে।

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd www.ebmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd


(৩৬) কক্ষপ্রত্যবেক্ষক এবং পরীক্ষার্থীর নিকট মোবাইল ফোন পাওয়া গেলে তাকে সাথে সাথে আইন শৃঙ্খলা বাহিনীর নিকট সোপর্দ করতে হবে।

(৩৭) নকলমুক্ত পরিবেশে পরীক্ষা পরিচালনার দায়িত্বে অবহেলা পরিলক্ষিত হলে কেন্দ্রসচিবকে আইনের আওতায় আনা হবে।

(৩৮) পরীক্ষা শেষ হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে ট্রাংক, বস্তা ও স্বাক্ষরলিপিসহ উদ্বৃত্ত মালামাল বোর্ডে হাতে হাতে জমা দিতে হবে।

(৩৯) অব্যবহৃত সকল প্রশ্নপত্রের পরিবর্তে ৪০০/- (চারশত) টাকার ব্যাংক ড্রাফট অন্যান্য মালামালের সাথে জমা দিতে হবে (নির্ধারিত ফরম ওয়েবসাইট থেকে প্রিন্ট করে পূরণ করে দিবেন)।

(৪০) প্রতিদিন পরীক্ষার্থীর উপস্থিতি নিশ্চিত করার পর বান্ডেল লেভেল, সমন্বিত বিবরণী ও শিরোনামপত্র বোর্ডের Website থেকে প্রিন্ট করতে হবে।

(৪১) **২০২১ সনের দাখিল পরীক্ষার সময় ও নম্বর বিভাজন নির্দেশিকা:**

| ক্রমিক | বিষয়ের নাম | কোড | দাখিল পরীক্ষা-২০২১ এরপ্রশ্নের বিবরণ | | দাখিল পরীক্ষা-২০২১ এর পরীক্ষার্থীদের উত্তর প্রদান করতে হবে | |
|---|---|---|---|---|---|---|
| | | | MCQ/বহুনির্বাচনী | CQ/রচনামূলক | MCQ/বহুনির্বাচনী | CQ/রচনামূলক |
| ১. | কুরআন মাজিদ ও তাজভিদ | ১০১ | ৩০ টি প্রশ্ন | ১১ টি প্রশ্ন | যেকোন ১৫ টি প্রশ্ন<br>মান ১×১৫= ১৫ | যেকোন ৩ টি প্রশ্ন<br>মান ১০×৩= ৩০ |
| ২. | ইসলামের ইতিহাস | ১০৯ | ৩০ টি প্রশ্ন | ১১ টি প্রশ্ন | যেকোন ১৫ টি প্রশ্ন<br>মান ১×১৫= ১৫ | যেকোন ৩ টি প্রশ্ন<br>মান ১০×৩= ৩০ |
| ৩. | পদার্থবিজ্ঞান | ১৩০ | ২৫ টি প্রশ্ন | ৮ টি প্রশ্ন | যেকোন ১২ টি প্রশ্ন<br>মান ১×১২= ১২ | যেকোন ২ টি প্রশ্ন<br>মান ১০×২= ২০ |
| ৪. | রসায়ন | ১৩১ | ২৫ টি প্রশ্ন | ৮ টি প্রশ্ন | যেকোন ১২ টি প্রশ্ন<br>মান ১×১২= ১২ | যেকোন ২ টি প্রশ্ন<br>মান ১০×২= ২০ |
| ৫. | হাদিস শরিফ | ১০২ | ক বিভাগ: সঠিক উত্তর লিখন ৪০ টি প্রশ্ন<br>খ বিভাগ: অনুবাদমূলক ৯টি প্রশ্ন<br>গ বিভাগ: বর্ণনামূলক ৩টি প্রশ্ন | | ক বিভাগ: যেকোন ১৫টি প্রশ্ন, মান ১×১৫ = ১৫<br>খ বিভাগ: যেকোন ২টি প্রশ্ন, মান ১০×২ = ২০<br>গ বিভাগ: যেকোন ২টি প্রশ্ন, মান ৫×২ = ১০ | |
| ৬. | তাজভিদ (নসর ও নজম) | ১১৯ | ক : এক কথায়/এক বাক্যে উত্তর লিখন ৩৫টি প্রশ্ন<br>খ : নসর অংশের বর্ণনামূলক ৬টি প্রশ্ন<br>গ : নজম অংশের অনুবাদসহ ব্যাখ্যামূলক ৪টি প্রশ্ন (একটি প্রশ্নের অধীন ৪টি প্রশ্ন) | | ক : যেকোন ১৩টি প্রশ্ন, মান ২×১৩ = ২৬<br>খ : যেকোন ১টি প্রশ্ন, মান ১২×১ = ১২<br>গ : যেকোন ১টি প্রশ্ন, মান ৭×১ = ০৭ | |
| ৭. | তাজভিদ | ১২১ | ক : এক কথায়/এক বাক্যে উত্তর লিখন ২৮টি প্রশ্ন<br>খ : নসর অংশের বর্ণনামূলক ৪টি প্রশ্ন<br>গ : নজম অংশের অনুবাদসহ ব্যাখ্যামূলক ২টি প্রশ্ন (একটি প্রশ্নের অধীন ২টি প্রশ্ন) | | ক : যেকোন ১০টি প্রশ্ন, মান ২×১০ = ২০<br>খ : যেকোন ১টি প্রশ্ন, মান ১৩×১ = ১৩<br>গ : যেকোন ১টি প্রশ্ন, মান ১৩×১ = ১৩ | |

**বিশেষ দ্রষ্টব্য:**

ক) পরীক্ষার্থীর ব্যবহারিক খাতা (নোটবুক) এর নম্বর-২৫। প্রতিষ্ঠান নিজ নিজ পরীক্ষার্থীর ব্যবহারিক খাতা (নোটবুক) এর নম্বর প্রদান করে নম্বরসমূহ ২৮/১১/২০২১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। কেন্দ্র ব্যবহারিক খাতা (নোটবুক) এর প্রাপ্তনম্বর অত্র বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ করবে এবং হার্ড কপি অত্র বোর্ডের দাখিল শাখায় জমা দিবে।

খ) কুরআন মাজিদ ও তাজভিদ এবং ইসলামের ইতিহাস বিষয়ের পরীক্ষার্থীদের MCQ এর ১৫ নম্বরকে ৩০ নম্বরে এবং CQ এর ৩০ নম্বরকে ৭০ নম্বরে রূপান্তর করে সংশ্লিষ্ট বিষয় দুটির প্রাপ্তনম্বর নির্ধারণ করা হবে।

গ) পদার্থবিজ্ঞান ও রসায়ন বিষয়ের পরীক্ষার্থীদের MCQ এর ১২ নম্বর কে ২৫ নম্বরে এবং CQ এর ২০ নম্বরকে ৫০ নম্বরে রূপান্তর করে সংশ্লিষ্ট বিষয় দুটির প্রাপ্তনম্বর নির্ধারণ করা হবে।

ঘ) হাদিস শরিফ বিষয়ের পরীক্ষার্থীদের ৪৫ নম্বরকে ১০০ নম্বরে রূপান্তর করে সংশ্লিষ্ট বিষয়ের প্রাপ্তনম্বর নির্ধারণ করা হবে।

ঙ) তাজভিদ (নসর ও নজম-১১৯) বিষয়ের পরীক্ষার্থীদের ৪৫ নম্বরকে ১০০ নম্বরে রূপান্তর করে সংশ্লিষ্ট বিষয়ের প্রাপ্তনম্বর নির্ধারণ করা হবে।

চ) তাজভিদ (১২১) বিষয়ের পরীক্ষার্থীদের ৪৬ নম্বরকে ৭৫ নম্বরে রূপান্তর করে সংশ্লিষ্ট বিষয়ের প্রাপ্তনম্বর নির্ধারণ করা হবে। উল্লেখ্য, ২৫ নম্বরের মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর অপরিবর্তিত থাকবে।

14.10.21


মোঃ কামাল উদ্দিন
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন : ৫৮৬১০২০২,ফ্যাক্স: ৫৮৬১৭৯০৮
ই-মেইল: controller@bmeb.gov.bd